

## ক্যাম্পাস

# প্রেসিডেন্সি ইউনিভার্সিটির ১৮ বর্ষপূর্তি উদ্যাপন

প্রথম আলো ডেক্স



পুরোনো দিনের স্মৃতিচারণা, বন্ধুবান্ধবের চিরচেনা আড়তা-গান-গল্পে মুখরিত হয়ে ওঠে অনুষ্ঠান প্রাঙ্গণ ছবি: সংগৃহীত

গতকাল শুক্রবার ঢাকার ফার্মগেটে কৃষিবিদ ইনসিটিউশন অডিটরিয়ামে উদ্যাপিত হয় প্রেসিডেন্সি ইউনিভার্সিটির ১৮ বছর পূর্তি। প্রতিষ্ঠানের প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীদের ঈদ পুনর্মিলনী ও কনসাটের মাধ্যমে জমজমাট হয়ে ওঠে আয়োজনটি।

বিজ্ঞাপন

By using this site, you agree to our Privacy Policy. [OK](#)

সবার জন্য সুশিক্ষা নিশ্চিত করার ব্রত নিয়ে যাত্রা শুরু প্রেসিডেন্সি ইউনিভার্সিটির। দেশের তরঙ্গ প্রজন্মের জন্য কম খরচে উন্নত শিক্ষার মান নিশ্চিত করার পাশাপাশি দেশীয় কৃষি-সংস্কৃতির সঙ্গে মেলবন্ধন সৃষ্টির মাধ্যমে পাঠদান করে আসছে বিশ্ববিদ্যালয়টি। পুরোনো দিনের স্মৃতিচারণা, বন্ধুবান্ধবের চিরচেনা আড়তা-গান-গল্পে মুখরিত হয়ে ওঠে অনুষ্ঠান প্রাঙ্গণ। সবাই ফিরে যান বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কাটানো সোনালি সময়ে। প্রাক্তনদের সঙ্গে বর্তমান শিক্ষার্থীদের অভিজ্ঞতা বিনিময়ও বাড়তি মাত্রা যোগ করে অনুষ্ঠানে।

মিলনমেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য মোহাম্মদ মুনিরুজ্জামান। বিশেষ অতিথি ছিলেন ট্রান্স বোর্ডের সদস্যরা। অনুষ্ঠানে সংগীত পরিবেশন করে জনপ্রিয় ব্যান্ড চিরকুট, সংগীতশিল্পী তনু চৌধুরী, দিপেন মহাজনসহ অন্যরা। মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের পাশাপাশি প্রধান আকর্ষণ ছিল র্যাফল ড্র। যার প্রথম পুরস্কার একটি ব্র্যান্ড নিউ মোটরবাইক ছাড়াও ছিল অন্যান্য পুরস্কার।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন ভারপ্রাপ্ত উপাচার্য মোহাম্মদ মুনিরুজ্জামান। এরপর প্রেসিডেন্সি ইউনিভার্সিটির প্রাক্তন শিক্ষার্থীদের মধ্যে স্মৃতিচারণা করেন ব্যবসায় প্রশাসন বিভাগের এ বি এম মাহাবুবুল আলম ও খালিদ হোসাইন, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের মো. রায়হান চৌধুরী এবং ইলেক্ট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিভাগের মো. বদিউজ্জামান। যাঁরা প্রত্যেকেই পেশাগতভাবে দেশ-বিদেশের বিভিন্ন খ্যাতনামা প্রতিষ্ঠানে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছেন। এ ছাড়া প্রেসিডেন্সি ইউনিভার্সিটির ট্রান্স বোর্ডের সদস্য মো. ইকবাল আনোয়ার অনুষ্ঠানে অংশ নেওয়ার জন্য সবার প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

স্বত্ত্ব © ২০২২ প্রথম আলো